দৈনিক
ইত্তেফাক

তারিখ 24 JUN 2010
পৃষ্ঠা ৩ কলাম ৭

# ২ হাজার ৬৫০টি স্কুল মাদ্রাসা আইসিটির আওতায় আসবে

■ নিজামুল হক

দেশের সরকারি- বেসরকারি মাধ্যমিক স্কুল, মাদ্রাসা এবং কলেজে শিক্ষার্থীদের মাঝে আইসিটি প্রসারের লক্ষ্যে বিশেষ পরিকল্পনা হাতে নিয়েছে সরকার। এর অংশ হিসাবে দেশের ৫৩০ টি উপজেলার ২ হাজার ৬৫০ টি স্কুল- কলেজ ও মাদ্রাসায় কম্পিউটার, ইন্টারনেট মডেম প্রদান করা হবে। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে একজন শিক্ষককে দেয়া হবে কম্পিউটার সম্পর্কিত প্রশিক্ষণ।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর সূত্র জানায়, প্রাথমিকভাবে দেশের ৫৩০ টি উপজেলা পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে এ কম্পিউটার ও অন্যান্য প্রযুক্তি সেবা প্রদান করা হবে। প্রতি উপজেলায় ২ টি মাধ্যমিক স্কুল, ২টি কলেজ ও ১টি মাদ্রাসা নির্ধারণ করা হয়েছে। প্রতিটি স্কুলে ৬ টি, মাদ্রাসায় ৫টি এবং কলেজে ১১ টি করে কম্পিউটার ও মডেম দেয়া হবে। এর মধ্যে শিক্ষা প্রতিষ্ঠান-প্রধান পাবেন একটি কম্পিউটার ও মডেম। ধীরে ধীরে শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা বাড়ানো হবে। চলতি বছর থেকে এ প্রকল্পের কাজ শুরু হবে বলে অধিদপ্তর সূত্র জানিয়েছে। এ প্রকল্প বাস্তবায়নে সরকারের ব্যয় হবে ৩৭ কোটি টাকা।

তথ্য অনুযায়ী, অপর এক নির্দেশনা বাস্তবায়নে প্রতিটি স্কুলে ১টি ল্যাপটপ ও একটি মাল্টিমিডিয়া প্রোজেক্টর দেয়া হবে। এর অংশ হিসাবে দেশের ১৮ হাজার ৭৫৬ টি মাধ্যমিক বিদ্যালয় ও ৮ হাজার ১৮০ টি মাদ্রাসায় ১টি করে ল্যাপটপ ও একটি করে মাল্টিমিডিয়া পাবে। এতে সরকারের ব্যয় হবে প্রায় ৭৭ কোটি টাকা।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরে আইসিটি শিক্ষার প্রচলন শীর্ষক এক প্রকল্পের আওতায় সরকারের এ কার্যক্রম বাস্তবায়ন করা হবে বলে মাউশির পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অধ্যাপক সিরাজুল হক জানিয়েছেন। এ লক্ষ্যে আগামী ১ জুলাই নায়েমে অনুষ্ঠিতব্য এক মতবিনিময় সভার আয়োজন করেছে শিক্ষা মন্ত্রণালয়। শিক্ষাসচিব সৈয়দ আতাউর রহমান সভায় সভাপতিত্ব করবেন। সংশ্লিষ্টরা বলছেন, দেশের বহু পর্যায় ছাড়া গ্রামের স্কুল ও মাদ্রাসায় বিদ্যুৎ সংযোগ নেই। ফলে এসব স্কুলের শিক্ষার্থীদের মাঝে আইসিটি জ্ঞান দিতে হলে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে বিদ্যুৎ সংযোগ দিতে হবে।